

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION


সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং ২২/২০২২

তারিখঃ ৩০/১০/২০২২খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম কর্তৃক জারীকৃত অফিস আদেশ, স্মারক নং-৫/কা:হা:চট্ট:/বন্ড সা:/৬৭/লাই:/বি.এম কন্টেইনার লি:/অংশ-২/২০২২/৩৬২২১(১২) তারিখঃ ২৪/১০/২০২২খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

  
মোঃ মিজানুর রহমান  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম

Web:www.chc.gov.bd, e-mail: customhousectg@gmail.com

নথি নং-৫/কা:হা:চট্ট:/বন্ড সা:/৬৭/লাই:/বি.এম কন্টেইনার লি:/অংশ-২/২০২২/৩৬২২১(১২)

তারিখঃ ২৪/১০/২০২২ খ্রিঃ

বিষয়ঃ বিএম কন্টেইনার ডিপো লি: এর মাধ্যমে গার্মেন্টস পণ্য রপ্তানি কার্যক্রম সম্পাদনের সাময়িক অনুমোদন।

- সূত্র: ১। কাস্টম হাউস চট্টগ্রামের অফিস আদেশ নং ৩০/বন্ড সা:/অফডক/বিবিধ/১২(অংশ-২)/৫১৬৭৬(কাস), তারিখঃ ০৫/০৬/২০২২খ্রিঃ।  
২। বিএম কন্টেইনার ডিপো লি: এর ২৯/০৮/২০২২ খ্রিঃ তারিখের পত্র।  
৩। বিএম কন্টেইনার ডিপো লি: এর ১১/০৯/২০২২ খ্রিঃ তারিখের পত্র।  
৪। বিএম কন্টেইনার ডিপো লি: এর ১৯/১০/২০২২ খ্রিঃ তারিখের পত্র।  
৫। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.৫৬.০৭.০২৬.১৫/৪০৬, তারিখঃ ১৯/১০/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করা হলো।

- ২। কাস্টম হাউস, চট্টগ্রামের নিয়ন্ত্রণাধীন সীতাকুন্ডে অবস্থিত বেসরকারি অফডক বিএম কন্টেইনার ডিপো লিমিটেডে গত ০৪/০৬/২০২২ খ্রিঃ তারিখ রাতে অগ্নিকান্ড ও বিস্ফোরণের ঘটনা ঘটে। এ ঘটনায় বহু মানুষ নিহত, দক্ষ ও আহত হয় এবং আমদানিকৃত ও রপ্তানি পণ্য, ডিপোতে রাখিত কন্টেইনার, শেড, অফিস বিল্ডিংসহ বিভিন্ন সরঞ্জামাদির ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়। উক্ত দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে সূত্রীয় (১) নং পত্রের মাধ্যমে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত উক্ত অফডকের মাধ্যমে আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে কোন বিল অব ইমপোর্ট ও বিল অব এক্সপোর্ট দাখিল না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।
- ৩। সূত্রীয় (২) ও (৩) নং পত্রের মাধ্যমে বিএম কন্টেইনার ডিপো লিঃ কর্তৃপক্ষ কর্তৃক আমদানি-রপ্তানি কার্যক্রম পুনরায় চালু করার জন্য অনুরোধ করা হয়। আবেদনে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ জানায়, অফডক পরিচালনার সকল লাইসেন্স (যেমন: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর ছাড়পত্র, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র, বিস্ফোরক অধিদপ্তরের ছাড়পত্র, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষ কর্তৃক ২ দিন ব্যাপী একটি অগ্নিনির্বাপন সংক্রান্ত কর্মশালার প্রতিবেদন) ডিপো কর্তৃপক্ষের নিকট রয়েছে। এছাড়াও, অফডকে নতুন স্থাপনা নির্মাণের কাজ আরম্ভ করেছেন এবং আইএসপিএস কোড কমপ্লায়েন্স বা নিরাপত্তা ব্যবস্থা রয়েছে। অপরদিকে, ডেঞ্জারাস গুডস ব্যবস্থাপনার জন্য ইন্টারন্যাশনাল মেরিটাইম ডেঞ্জারাস গুডস (আই.এম.ডি.জি) কোড এর নীতিমালা মেনে প্রতিষ্ঠানটি পরিচালিত হবে। লিখিত আবেদনে প্রতিষ্ঠানটি আরও উল্লেখ করে যে, তারা ৫০০ (পাঁচশত) জিপিএম (৭ বার এবং ২৩ হর্স পাওয়ার) ক্ষমতা সম্পন্ন একটি পাম্প স্থাপন করেছেন, যা সহজে বহনীয় এবং অত্যন্ত আধুনিক যথা ১৫ টি মিনিটর বিশিষ্ট ওয়াটার এবং ফোম টাইপ হাইড্রেন্ট সিস্টেম স্থাপনের কাজ চলমান এবং উক্ত পাম্পের ক্যাপাসিটি ২৫০০ (দুই হাজার পাঁচশত) জিপিএম ও রিজার্ভার ট্যাংকের ক্যাপাসিটি ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) গ্যালন। এছাড়াও পর্যাপ্ত পরিমাণ ABC, CO<sub>2</sub> এবং FOAM রয়েছে। পাশাপাশি অতিরিক্ত হিসেবে ৬০ টিরও বেশি পরিমাণ ABC ৫ কেজির ১টি, CO<sub>2</sub> ৫০ কেজির ১টি এবং FOAM ৫০ লিটারের ১টি ডিপোতে সংরক্ষণ করা হয়েছে। অপরদিকে, আমদানি-রপ্তানি কার্যক্রম চালু করার বিষয়ে বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফেকচারার্স ও এক্সপোর্টার্স এসোসিয়েশন (BGMEA), বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (BICDA) ও চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (CCCI) কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ড আবেদন করা হয়েছে মর্মে সূত্রীয় (৪) নং পত্রের মাধ্যমে জানানো হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড থেকে সূত্রীয় (৫) নং পত্রের মাধ্যমে বিএম কন্টেইনার ডিপো লি: এর একই আবেদনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম/সিদ্ধান্ত গ্রহণের জন্য অনুশাসন প্রদান করা হয়েছে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য।

## চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

### CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

- ৪। উল্লেখ্য যে, উক্ত দুর্ঘটনার বিষয়টি সূষ্ঠভাবে তদন্তের লক্ষ্যে এ দপ্তর হতে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে উল্লেখিত প্রস্তাবনা ও সুপারিশের ভিত্তিতে প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে কারণ দর্শাও নোটিশ জারি করা হয়। প্রতিষ্ঠানের লিখিত জবাব এবং উক্ত জবাবের প্রেক্ষিতে প্রতিষ্ঠানের গুনানী গ্রহণ করা হয়। কারণ দর্শাও নোটিশের লিখিত জবাব ও গুনানীতে প্রদত্ত মৌখিক বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শনপূর্বক বস্তুনিষ্ঠ প্রতিবেদন দাখিল করা জন্য ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটির কার্যক্রম বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে। আরো উল্লেখ্য যে, আলোচ্য প্রতিষ্ঠানের বন্ডেড ওয়ারহাউস লাইসেন্স এর মেয়াদ ৯ নভেম্বর, ২০২২ খ্রিঃ পর্যন্ত বহাল আছে। প্রতিষ্ঠানটি ইতোমধ্যে বন্ডেড ওয়ারহাউস লাইসেন্স নবায়নের আবেদন দাখিল করেছে।
- ৫। প্রতিষ্ঠানের সূত্রীয় (২), (৩) ও (৪) এর আবেদন ও আবেদনে বর্ণিত প্রেক্ষাপট, প্রতিষ্ঠানটি চালু করার বিষয়ে বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফেকচারার্স ও এক্সপোর্টার্স এসোসিয়েশন (BGMEA), বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (BICDA) ও চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (CCCI) এর সুপারিশ এবং সর্বোপরি এতদবিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অনুশাসন বিবেচনায় নিয়ে প্রতিষ্ঠানটিতে কর্মরত শ্রমিক/কর্মচারী/কর্মকর্তাদের কর্মসংস্থান অব্যাহত রাখার স্বার্থে এবং BGMEA, BICDA ও CCCI এর পক্ষে বর্ণিত অন্যান্য অফডকের উপর বিদ্যমান চাপ হ্রাসকল্পে প্রতিষ্ঠানটির বিরুদ্ধে এ দপ্তরে প্রক্রিয়াধীন আইনানুগ কার্যক্রমের বিষয়টি চূড়ান্ত নিষ্পত্তি অবধি বিএম কন্টেইনার ডিপো লি: এর মাধ্যমে রগুনি কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে কেবলমাত্র গার্মেন্টস পণ্য উক্ত অফডকে সংরক্ষণ ও তা প্রক্রিয়াকরণের কার্যক্রম নিম্নবর্ণিত শর্তে ও পত্র জারির তারিখ হতে পরবর্তী ৩ (তিন) মাসের জন্য স্বল্প পরিসরে চালু করার সাময়িক অনুমতি প্রদান করা হলো (পরবর্তী মেয়াদে প্রতিষ্ঠানটির বন্ডেড ওয়ারহাউস লাইসেন্স সংশ্লিষ্ট নীতিমালার আলোকে নবায়িত হওয়া সাপেক্ষে):
- ক) কার্যক্রম শুরুর পূর্বে বন্দর কর্তৃপক্ষের অনাপত্তিপত্র গ্রহণ করতে হবে;
- খ) বেসরকারি আইসিডি/সিএফএস বা অফডক স্থাপন ও পরিচালন সংক্রান্ত নীতিমালা, ২০২১ এবং বন্ডেড ওয়ারহাউস লাইসেন্স বিধিমালা, ২০০৮ এ প্রযোজ্য শর্তাবলী উক্ত সময়ের মধ্যে প্রতিপালন নিশ্চিত করতে হবে;
- গ) উক্ত সময়ের মধ্যে ফায়ার লাইসেন্স নং চট্ট/৮০৭৭/২০০৯-২০১০, তারিখ: ১১/০৯/২০২২ খ্রি: এ প্রদত্ত শর্তাবলীর পরিপালন নিশ্চিত করতে হবে। একইসাথে, শর্ত নং (৪) অর্থাৎ সার্বিক অগ্নি নিরাপত্তা ব্যবস্থা বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড ও অগ্নি প্রতিরোধ ও নির্বাণ আইন, ২০০৩ এবং সংশ্লিষ্ট বিধির ভিত্তিতে নিশ্চিত করতে হবে;
- ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হতে অনুমোদিত ফায়ার সেফটি প্ল্যান সংগ্রহ ও তদানুযায়ী অগ্নিনির্বাপনী ব্যবস্থাসহ সময়ে সময়ে জারিকৃত বিভিন্ন শর্তাদি পরিপালন করতে হবে;
- ঙ) Dangerous Goods ও অন্যান্য কেমিক্যাল পদার্থবাহী কন্টেইনার IMDG নীতিমালার আলোকে ব্যবস্থিত হবে। উক্ত পর্ষসমূহ সংরক্ষণের জন্য IMDG নীতিমালার আলোকে পৃথক ইয়ার্ড ও শেড এর ব্যবস্থা করতে হবে। উপর্যুক্ত বিষয়সমূহ যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও ব্যবস্থিত হতে হবে;
- চ) অনুমোদিত বন্ডেড ওয়ারহাউস লাইসেন্স ও বন্দর কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত বিদ্যমান সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী কন্টেইনার ও কার্গো হ্যান্ডেলিং ইকুইপমেন্ট উক্ত সময়ের মধ্যে স্থাপন করতে হবে;
- ছ) উক্ত সময়ের মধ্যে সমগ্র আইসিডি/সিএফএস সিটিডি এর আওতায় আনতে হবে এবং আইসিডির বাহিরে একাধিক স্থানে ব্যাক-আপ স্টোরেজ স্থাপন করে লিখিতভাবে জানাতে হবে;
- জ) উক্ত সময়ের মধ্যে ক্ষতিগ্রস্ত শেড ও অফিস ভবন এর পূর্ণাঙ্গ নির্মাণ সম্পন্ন করতে হবে এবং কাস্টমস কর্মকর্তাগণের শুক্কায়ন কার্যক্রম সম্পন্নের লক্ষ্যে নীতিমালায় বর্ণিত যথাযথ ও প্রয়োজনীয় লজিস্টিকস সহায়তা প্রদান করতে হবে; এবং
- ঝ) অফডক পরিচালনার লক্ষ্যে ব্যবহৃত নিজস্ব Software এ কাস্টমস কর্তৃপক্ষের সার্বক্ষণিক Access এর ব্যবস্থা রাখতে হবে এবং Software এর ব্যাক আপ Cloud এ সংরক্ষণসহ Disaster Recovery System এর ব্যবস্থা রাখতে হবে।
- ৬) উল্লেখ্য যে, অনুচ্ছেদ ৫(ঙ) এ বর্ণিত শর্ত যথাযথভাবে পরিপালনের পূর্বে বিএম কন্টেইনার ডিপো লি: এর মাধ্যমে Dangerous Goods ও অন্যান্য কেমিক্যাল জাতীয় পণ্যের হ্যান্ডেলিং সংক্রান্ত কার্যক্রম বন্ধ থাকবে। এছাড়া, নির্ধারিত ৩ (তিন) মাসের মধ্যে উল্লিখিত শর্তাবলী প্রতিপালন, এ লক্ষ্যে প্রয়োজনীয় দলিলাদি দাখিলসহ বেসরকারি আইসিডি/সিএফএস বা অফডক স্থাপন ও পরিচালন সংক্রান্ত নীতিমালা, ২০২১ এর প্রয়োজনীয় শর্তাবলী পরিপালনে ব্যর্থ হলে কিংবা পরবর্তী মেয়াদে প্রতিষ্ঠানটির বন্ডেড ওয়ারহাউস লাইসেন্স নবায়িত না হলে রগুনি সম্পাদনের কার্যক্রম এর সাময়িক অনুমোদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

স্বাঃ/-

(মোহাম্মদ ফাইজুর রহমান)  
কমিশনার অব কাস্টমস্